

বিজ্ঞপ্তি

(মাহিকিং)

ভূমিসেবা মেলা ভূমিসেবা মেলা ভূমিসেবা মেলা

সন্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯ মে হতে ২১ মে তারিখে সারাদেশব্যাপী 'ভূমিসেবা মেলা ২০২৬' অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী ১৯ মে ২০২৬ তারিখ সকাল ১০.০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি ঢাকার তেজগাঁওস্থ ভূমি ভবনে উক্ত ভূমিসেবা মেলার শূভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মেলায় উপস্থিত হয়ে খুব সহজেই অথবা দেশ বিদেশের যেকোনো স্থান হতে land.gov.bd তে লগইন করে ভূমি উন্নয়ন কর, নামজারি এবং অন্যান্য ভূমিসেবা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

সন্মানিত যেসকল ভূমি মালিকদের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া আছে তাদেরকে ৩০ জুনের মধ্যে ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। ভূমি উন্নয়ন কর অপরিশোধিত থাকলে জমি বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করা যায় না। অনাদায়ী ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য 'সরকারি দাবী আদায় আইন ১৯১৩' মোতাবেক সার্টিফিকেট মামলা দায়ের এবং 'রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০' মোতাবেক ভূমি খাস করার বিধান রয়েছে।

১৯ মে হতে ২১ মে ২০২৬ এর মধ্যে ভূমি ভবন, তেজগাঁও, ঢাকায় আয়োজিত মেলায় এবং বিভাগীয় সদর/জেলা সদর/সকল উপজেলা ভূমি অফিস প্রাঙ্গণে আয়োজিত মেলায় এসে ভূমি উন্নয়ন কর পরিশোধসহ অন্যান্য ভূমিসেবা নেওয়া যাবে।

'জনবাকব অটোমেটেড ভূমি ব্যবস্থাপনা:

সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ'

- ভূমি মন্ত্রণালয়


০৬/০৫/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.২৩.০০৬.২৬-২৬৯

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

বিষয়: আগামী ১৯ হতে ২১ মে 'ভূমিসেবা মেলা-২০২৬' উপলক্ষ্যে জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি, TVC এবং Vedio প্রচার।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ভূমিসেবা মেলা-২০২৬' আয়োজন উপলক্ষ্যে সংযুক্ত জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি, TVC ও Vedio Documentary জেলা তথ্য অফিসের মাধ্যমে এবং স্থানীয়ভাবে LED TV, স্থানীয় প্রচার মাধ্যমের মাধ্যমে আগামী ১৫ হতে ২১ মে পর্যন্ত ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সংযুক্তি- ১। বিজ্ঞপ্তি ১ পাতা
২। TVC ৩ টি (ই-মেইলে প্রেরণ)
৩। ভিডিও ডকুমেন্টারী ০২ টি (ই-মেইলে প্রেরণ)


০৬/০৫/২০২৬
সাদেকুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৭

ই-মেইল: sdmcl@minland.gov.bd

জেলা প্রশাসক
সকল

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
- ২। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ৫। অফিস কপি।